

ঢাবিতে হলের বাইরে ৬ স্থানে ডাকসু নির্বাচনের ভোটকেন্দ্র

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংযুক্ত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনের

ভোটকেন্দ্র প্রথমবারের মতো হলের বাইরে স্থাপনের সিদ্ধান্ত

নিয়েছে নির্বাচন কমিশন। বিশ্ববিদ্যালয়ের ৬টি নিরপেক্ষ স্থানে

ভোটকেন্দ্র স্থাপন করা হবে।

আজ রবিবার (২০ জুলাই) সকালে নবাব নওয়াব আলী চৌধুরী


সিনেট ভবনে নির্বাচন কমিশন এ তথ্য জানায়। রিটার্নিং কর্মকর্তা

অধ্যাপক ড. গোলাম রক্বানী নির্বাচন-সংক্রান্ত বিস্তারিত তথ্য

উপস্থাপন করেন।

শুন

ফরিদপুরে থানার সামনে বাসে আগুন



নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ভোটকেন্দ্রগুলো হলো- ১.

কার্জন হল কেন্দ্র (পরীক্ষার হল) : এখানে ড. মুহম্মদ শহীদুল্লাহ

হল, অমর একুশে হল এবং ফজলুল হক হলের শিক্ষার্থীরা ভোট

দিতে পারবেন। ২. শারীরিক শিক্ষা কেন্দ্র : জগন্নাথ হল, শহীদ

সার্জেন্ট জহুরুল হক হল এবং সলিমুল্লাহ মুসলিম হলের

শিক্ষার্থীদের জন্য। ৩. ছাত্র-শিক্ষক কেন্দ্র : রোকেয়া হল, শামসুন

নাহার হল এবং কবি সুফিয়া কামাল হলের শিক্ষার্থীরা এখানে

ভোট দেবেন। ৪. ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব কেন্দ্র : বাংলাদেশ-

কুয়েত মৈত্রী হল এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের

শিক্ষার্থীদের জন্য।

৫. সিনেট ভবন কেন্দ্র (এলামনাই ফ্লোর, সেমিনার কক্ষ, ডাইনিং রুম) : স্যার এ

ফফ সামান্য হল, (প) হাজী মুহম্মদ মহসীন হল, (ব) বিজয় একাডেমি হল।

৬. উদয়ন মুক্ত প্রকল্প কেন্দ্র : (ক) সুর্যসোন হল, (ব) মুক্তিযোদ্ধা জিম্যাইর বাহারাম

হল, (গ) শেখ মুজিবুর রহমান হল, (ঘ) কাবি জসীম উর্দ্দীন হল।

কুল অ্যাড কলেজ কেন্দ্র : সূর্য সেন হল, মুক্তিযোদ্ধা জিয়াউর
রহমান হল, শেখ মুজিবুর রহমান হল এবং কবি জসীমউদ্দীন
হলের শিক্ষার্থীরা এখানে ভোট দেবেন।